# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

## মুল্যায়ন - ১

## নবম শ্রেণি

## বাংলা

**পূর্ণমান : ৪০** **সময়: ১ঘন্টা ১০মিনিট**

**১. সঠিক উত্তরটি নির্বাচন করো: ১×১৫=১৫**

১.১ 'যে অঙ্ক জানে না এখানে তার প্রবেশ নিষেধ।' মাস্টারমশায়ের মতে স্বর্গ ছাড়া একথা লেখা ছিল - ক/ টলেমির দরজায় খ/ প্লেটোর দরজায় গ/ নিউটনের দরজায় ঘ/ আর্কিমিডিসের দরজায়

১.২ পত্রিকা কর্তৃপক্ষ খুশি হয়ে সুকুমারকে দক্ষিণা দেন - ক/ দশ টাকা খ/ নয় টাকা গ/ আট টাকা ঘ/ একশো টাকা

১.৩ প্রতিবার দাঁড়ের নিক্ষেপে - ক/ সাগরগর্জন শোনা যায় খ/ নোঙর তটমুক্ত হয় না গ/ জোয়ারের ঢেউ ফুলে ওঠে ঘ/ স্রোতের বিদ্রূপ শোনা যায়

১.৪ 'ব্যোমযাত্রীর ডায়েরি' প্রথম প্রকাশ পায় - ক/ আনন্দমেলায় খ/ সন্দেশে গ/ শুকতারায় ঘ/ কিশোর ভারতীতে

১.৫ নিউটনকে হেলমেট পরানোর পর সে - ক/ হেলমেট কামড়ায় খ/ হেলমেট আঁচড়ায় গ/ হেলমেটের কাঁচ চাটে ঘ/ ক্রমাগত মিউ মিউ করে

১.৬ প্রোফেসর শঙ্কুর ডাইরিটি শেষ পর্যন্ত খেয়ে ফেলে - ক/ গরু খ/ ছাগল গ/ উইপোকা ঘ/ পিঁপড়ে

১.৭ মূলোর ক্ষেত নষ্ট হওয়ায় অবিনাশবাবু ক্ষতিপূরণ পান - ক/ পাঁচশো টাকা খ/ পঁচিশশো টাকা গ/ পাঁচ হাজার টাকা ঘ/ সাড়ে পাঁচশো টাকা

১.৮ বিবৃত স্বরধ্বনির উদাহরণ - ক/ অ খ/ আ গ/ ই ঘ/ উ

১.৯ বাংলাভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা - ক/ ১২ খ/ ১০ গ/ ৯ ঘ/ ৭

১.১০ বাংলাভাষার দুর্বলতম ধ্বনি - ক/ হ খ/ ল গ/ য় ঘ/ চ

১.১১ 'সমীকরণ' বলতে বোঝায় - ক/ প্রগত স্বরসঙ্গতিকে খ/ মধ্য ব্যঞ্জনলোপকে গ/ সমধ্বনি লোপকে ঘ/ ব্যঞ্জনসঙ্গতিকে

১.১২ ব- শ্রুতির একটি উদাহরণ - ক/ বেহালা খ/ লোহা গ/ মায়ের ঘ/ যাওয়া

১.১৩ 'বিপর্যাস' প্রকৃতার্থে ধ্বনির - ক/ লোপ খ/ আগম গ/ স্থানান্তর ঘ/ রূপান্তর

১.১৪ উষ্মধ্বনির অপর নাম - ক/ নাসিক্য ধ্বনি খ/ কম্পিত ধ্বনি গ/ শিষ ধ্বনি ঘ/ মহাপ্রাণ ধ্বনি

SRAI

১.১৫ প্রতিবর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম ধ্বনিগুলো হল - ক/ অঘোষ ধ্বনি   খ/ সঘোষ ধ্বনি
গ/ অল্পপ্রাণ ধ্বনি   ঘ/ মহাপ্রাণ ধ্বনি

**২. কমবেশি ২০ শব্দে উত্তর দাও:          ১×১০=১০**

২.১ কবি দাঁড় টানাকে মিছে বলেছেন কী কারণে?

২.২ 'নোঙর' কোন্ মূলগ্রন্থের অন্তর্গত?

২.৩ জাঁকিয়ে বক্তৃতায় সুকুমার কার কার উদ্ধৃতি ব্যবহার করেছিল?

২.৪ উল্কার স্বপ্ন দেখার পর শঙ্কুর বাগানের গোলঞ্চ গাছে কেমন ফুল ফোটা শুরু হয়?

২.৫ মঙ্গল যাত্রার পথে বিধুশেখর কী গান গাইছিল?

২.৬ 'চলন্তিকা' কী?

২.৭ দিস্বর কাকে বলে?

২.৮ নিহিত স্বরধ্বনি কাকে বলে?

২.৯ পদ্ম>পদ্দ -- পরিবর্তনটিকে কোন্ সমীভবন বলবো এবং কী কারণে তা বলো।

১.১০ সমাক্ষর লোপের উদাহরণ দাও।

SRAI

**৩. কমবেশি ৬০ শব্দে উত্তর দাও:          ৩×৫=১৫**

৩.১ 'ছবিটা যা ফুটল, তা খুব উজ্জ্বল না।' -- অনুজ্জ্বল ছবিটির বর্ণনা নিজের ভাষায় লেখো।

৩.২ 'কিন্তু আমি খুশি হতে পারলুম না।' -- বক্তা কে? তিনি খুশি হতে পারলেন না কেন?   ১+২=৩

৩.৩ 'পাড়ি দিতে দূর সিন্ধুপারে' -- কবি যাত্রা করার জন্য কী কী প্রচেষ্টা করেন?

৩.৪ 'ততই বিরামহীন এই দাঁড় টানা' -- দাঁড় টানা অবিরাম কেন?

৩.৫ তারক চাটুজ্যে কীভাবে প্রোফেসর শঙ্কুর ডায়রিটি পান?